গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৪৪০

তারিখ: ১০ অগ্রহায়ণ ১৪২৭
২৫ নভেম্বর ২০২০

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

## আবহাওয়ার সতর্কবার্তা

দক্ষিণপশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত ঘূর্ণিঝড় 'নিভার' আরও পশ্চিম দিকে অগ্রসর ও ঘণীভূত হয়ে প্রবল ঘূর্ণিঝড় আকারে একই এলাকায় অবস্থান করছে। এটি আজ সকাল ০৬ টায় (২৫ নভেম্বর, ২০২০ ইং তারিখ) চট্টগ্রাম সমুদ্রবন্দর থেকে ১৭২০ কিঃ মিঃ দক্ষিণপশ্চিমে, কক্সবাজার সমুদ্রবন্দর থেকে ১৬৭০ কিঃ মিঃ দক্ষিণপশ্চিমে, মংলা সমুদ্রবন্দর থেকে ১৬০০ কিঃ মিঃ দক্ষিণপশ্চিমে এবং পায়রা সমুদ্র বন্দর থেকে ১৬০০ কিঃ মিঃ দক্ষিণপশ্চিমে অবস্থান করছিল (১০.২° উত্তর অক্ষাংশ এবং ৮২.০° পূর্ব দ্রাঘিমাংশ)। এটি আরও ঘণীভূত হয়ে পশ্চিম-উত্তরপশ্চিম দিকে অগ্রসর হতে পারে।

ঘূর্ণিঝড় কেন্দ্রের ৬৪ কিঃ মিঃ এর মধ্যে বাতাসের একটানা সর্বোচ্চ গতিবেগ ঘন্টায় ৮৯ কিঃ মিঃ যা দমকা অথবা ঝড়োহাওয়ার আকারে ১১৭ কিঃ মিঃ পর্যন্ত বৃদ্ধি পাচ্ছে। প্রবল ঘূর্ণিঝড় কেন্দ্রের নিকটে সাগর খুবই বিক্ষুব্ধ রয়েছে।

চট্টগ্রাম, কক্সবাজার, মংলা এবং পায়রা সমুদ্র বন্দরসমূহকে আবহাওয়া অধিদপ্তরের পরবর্তী নির্দেশনা সাবধানতার সাথে পর্যবেক্ষণ করতে বলা হয়েছে।

উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত মাছ ধরার নৌকা ও ট্রলার সমূহকে সাবধানে চলাচল করতে বলা হয়েছে।

**২৫ নভেম্বর ২০২০ খ্রিঃ তারিখ সন্ধ্যা ০৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:**

দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য কোন সর্তকবাণী নেই এবং কোনো সংকেতও দেখাতে হবে না।

**২৫ নভেম্বর ২০২০ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:**

**সিনপটিক অবস্থা:** দক্ষিণপশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত ঘূর্ণিঝড় "নিভার" আরও পশ্চিম দিকে অগ্রসর ও ঘণীভূত হয়ে আজ সকাল ০৬ টায় (২৫ নভেম্বর,২০২০ইং তারিখ) প্রবল ঘর্ণিঝড় আকারে একই এলাকায় অবস্থান করছিল। এটি আরও ঘণীভূত হয়ে পশ্চিম-উত্তরপশ্চিম দিকে অগ্রসর হতে পারে। উপমহাদেশীয় উচ্চচাপ বলয়ের বর্ধিতাংশ বিহার এবং তৎসংলগ্ন এলাকা পর্যন্ত বিস্তৃত রয়েছে।

**পূর্বাভাস:** আংশিক মেঘলা আকাশসহ সারাদেশের আবহাওয়া প্রধাণতঃ শুষ্ক থাকতে পারে।

**তাপমাত্রা:** সারাদেশের রাতের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে এবং দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন):** উল্লেখযোগ্য পরিবর্তনের সম্ভাবনা নেই ।

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের নাম | ঢাকা | ময়মনসিংহ | চট্রগ্রাম | সিলেট | রাজশাহী | রংপুর | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ২৮.৪ | ২৮.০ | ৩০.২ | ২৯.০ | ২৭.৫ | ২৯.৫ | ২৮.২ | ২৭.১ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ১২.৮ | ১৩.৮ | ১৩.০ | ১২.০ | ১৩.০ | ১০.৬ | ১৪.৫ | ১৪.২ |

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল টেকনাফ ৩০.২° সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা তেঁতুলিয়া ১০.৬° সেঃ।
(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)

## অগ্নিকান্ডের তথ্যঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায় ২৩ নভেম্বর, ২০২০ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ২৪ নভেম্বর ২০২০ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ১৯টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক
অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নে দেওয়া হলঃ

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১। | ঢাকা | ৬ | ০ | ০ |
| ২। | ময়মনসিংহ | ১ | ০ | ০ |
| ৩। | বরিশাল | ১ | ০ | ০ |
| ৪। | সিলেট | ৩ | ০ | ০ |
| ৫। | রাজশাহী | ১ | ০ | ০ |
| ৬। | রংপুর | ১ | ০ | ০ |
| ৭। | চট্টগ্রাম | ২ | ০ | ০ |
| ৮। | খুলনা | ৪ | ০ | ০ |
| | **মোট** | **১৯** | **০** | **০** |

**উল্লেখযোগ্য অগ্নিকান্ড (জেলাভিত্তিক তথ্য):**

**১। ঢাকাঃ** জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, ঢাকা এর স্মারক নং-৫১.০১.২৬০০.০১৮.৪০.০০৪.২০-৯২৯; তারিখঃ ২৪/১১/২০২০ খ্রিঃ (ইমেইলে প্রাপ্তির সময় সকাল ১১.১৪ ঘটিকা, ২৫/১১/২০২০ খ্রিঃ) এর মাধ্যমে জানিয়েছেন যে, গত ২৩/১১/২০২০ খ্রিঃ তারিখ আনুমানিক রাত ১১.৫৫ ঘটিকায় ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন ২০ নং ওয়ার্ডের মহাখালী সাততলা কলোনী বস্তিতে অগ্নিকান্ড সংঘটিত হয়। অগ্নিকান্ডের সংবাদ অবহিত হয়ে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ১২টি ইউনিট রাত ১.৫৫ ঘটিকা থেকে ঘটনাস্থলে উপস্থিত হয়ে প্রায় ০১ ঘন্টা ব্যাপী কার্যক্রম পরিচালনার পর আগুন নিয়ন্ত্রণে আনতে সক্ষম হয়। অগ্নিকান্ডের সংবাদ অবহিত হয়ে জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা ২৪/১১/২০২০ তারিখ সকাল ৯.০০ ঘটিকায় ঘটনাস্থল পরিদর্শন করেন। অগ্নিকান্ডে বস্তির ১৪৬টি পরিবারের বসতঘর পুড়ে যায়। কোন হতাহতের ঘটনা ঘটেনি। অগ্নিকান্ডের সঠিক কারণ ও ক্ষয়ক্ষতির পরিমাণ নিরূপণে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের পক্ষ থেকে একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। মানবিক সহায়তা হিসেবে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বরাদ্দ হতে জেলা প্রশাসন, ঢাকা কর্তৃক ১৪৬টি ক্ষতিগ্রস্থ পরিবারকে পরিবার প্রতি ৩০ (ত্রিশ) কেজি হারে জি আর চাল, আর্থিক সহায়তা ও ২ পিস করে শীত বস্ত্র হিসেবে কম্বল বিতরণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

**২। ঢাকাঃ** জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, ঢাকা এর স্মারক নং-৫১.০১.২৬০০.০১৮.৪০.০০৪.২০-৯৩২; তারিখঃ ২৫/১১/২০২০ খ্রিঃ (ইমেইলে প্রাপ্তির সময় সকাল ১১.১৪ ঘটিকা, ২৫/১১/২০২০ খ্রিঃ) এর মাধ্যমে জানিয়েছেন যে, গত ২৪/১১/২০২০ খ্রিঃ তারিখ আনুমানিক বিকাল ৪.০০ ঘটিকায় ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন মোহাম্মদপুর জহুরী মহল্লার জান্নাতবাগ এলাকায় ৪০ বস্তিতে অগ্নিকান্ড সংঘটিত হয়। অগ্নিকান্ডের সংবাদ অবহিত হয়ে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ১২টি ইউনিট বিকাল ৪.০০ ঘটিকা থেকে ঘটনাস্থলে উপস্থিত হয়ে প্রায় ০১ ঘন্টা ব্যাপী কার্যক্রম পরিচালনার পর আগুন নিয়ন্ত্রণে আনতে সক্ষম হয়। অগ্নিকান্ডের সংবাদ অবহিত হয়ে জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা ২৫/১১/২০২০ তারিখ সকাল ৮.০০ ঘটিকায় ঘটনাস্থল পরিদর্শন করেন। অগ্নিকান্ডে বস্তির ৯৭টি পরিবারের বসতঘর পুড়ে যায়। কোন হতাহতের ঘটনা ঘটেনি। অগ্নিকান্ডের কারণ জানা যায়নি। অগ্নিকান্ডের সঠিক কারণ ও ক্ষয়ক্ষতির পরিমাণ নিরূপণে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের পক্ষ থেকে একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। মানবিক সহায়তা হিসেবে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বরাদ্দ হতে জেলা প্রশাসন, ঢাকা কর্তৃক ৯৭টি ক্ষতিগ্রস্থ পরিবারকে পরিবার প্রতি ৩০ (ত্রিশ) কেজি হারে জি আর চাল, আর্থিক সহায়তা ও ২ পিস করে শীত বস্ত্র হিসেবে কম্বল বিতরণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

২৫-১১-২০২০

কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা
ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১
ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬
ইমেইল: controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১
এনডিআরসিসি অনুবিভাগ
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৪৪০/১(১৭০)

তারিখ: ১০ অগ্রহায়ণ ১৪২৭
২৫ নভেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৩) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
৪) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৫) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
৬) মহাপরিচালক , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৭) বিভাগীয় কমিশনার (সকল)
৮) পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৯) জেলা প্রশাসক (সকল)
১০) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
১১) উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
১২) জেলা ত্রাণ ও পুর্নবাসন কর্মকর্তা (সকল)

২৫-১১-২০২০
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা